২০ লাখ টাকার স্বর্ণালংকারসহ নারী আটক

ঝিনাইদহ সদর উপজেলার কালা লক্ষীপুর এলাকা থেকে ২৫ ভরি স্বর্ণালংকারসহ মুক্তা খাতুন (৩৪) নামের এক নারীকে আটক করেছে ডিবি পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের কালা লক্ষীপুর এলাকার মাওলানাবাদ মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে তাকে আটক করা হয়। আটককৃত মুক্তা খাতুন কুমিল্লার চৌদ্দগ্রামের মিজানুর রহমানের স্ত্রী।

ঝিনাইদহ ডিবি পুলিশের ওসি মোহাম্মদ শাহীন উদ্দিন জানান, কালীগঞ্জ থেকে ঢাকায় স্বর্ণ পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে লক্ষীপুর বিদ্যালয়ের সামনে চেকপোস্ট বসায় ডিবি পুলিশের একটি অভিযানিক দল।

সেসময় দর্শনা থেকে বরিশালগামী চাকলাদার পরিবহণে তল্লাসী চালিয়ে মুক্তা খাতুনকে আটক করা হয়। তার ভ্যানিটি ব্যাগ থেকে উদ্ধার করা হয় ২৫ ভরি ১৫ আনা ওজনের স্বর্ণালংকার। যার আনুমানিক মুল্য ২০ লাখ টাকা। মুক্তা খাতুন কালীগঞ্জ থেকে এসব স্বর্ণালংকার ঢাকায় পাচার করছিলো বলে প্রাথমিক ভাবে স্বীকার করেছে।

এ ঘটনায় ডিবি পুলিশের পক্ষ থেকে সদর থানায় একটি মামলা করা হয়েছে।

গাংনীতে ব্র্যাকের ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

টিবি,যক্ষ্মা,ম্যালেরিয়া,এইচআইভি এবং কোভিড-১৯ নিয়ন্ত্রণ কার্যকমের উপর ওরিন্টেশেন সভা অনিুষ্ঠিত হয়েছে।]

বৃহস্পতিবার গাংনী উপজেলার বামুন্দি ইউনিয়ন পরিষদ কার্যালয়ের

সভাকক্ষে ওরিয়েন্টেশন সভার আয়োজন করে বেসরকারি সংস্থা ব্র্যাক।

জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসুচি ও বেসরকারি সংস্থা ব্র্যাকের যৌথ আয়োজনে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন কর্মশালায় সভাপতিত্ব করেন বামুন্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ওবাইদুর রহমান কমল। স্বাগত বক্তব্য রাখেন ইউপি সচিব মনিরুল ইসলাম।

এসব রোগের প্রতিকার ও চিকিৎসা সংক্রান্ত বিষয়ক আলোচনা করেন ব্র্যাকের এরিয়া সুপারভাইজার (যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসুচি) আবু হানিফ মোড়ল।

ব্র্যাকের প্রোগ্রাম অর্গানাইজার (গাংনী অঞ্চল) শহিদুজ্জামানের সঞ্চালনায় অনুষ্ঠানে সাব কমিউনিটি মেডিকেল অফিসার নাজমুল হক,ইউপি সদস্যসহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ ওরিয়েন্টেশনে অংশ গ্রহন করেন।

দামুড়হুদায় শারদীয় দূর্গাপূজা উপলক্ষে প্রস্তুতি সভা

দামুড়হুদা উপজেলায় ২২ টি প্রতিমা তৈরির মধ্যে দিয়ে আগামি ১লা অক্টোবর থেকে হিন্দু ধর্মের বড় উৎসব হতে যাচ্ছে। এই উৎসব সুন্দর, সুষ্ঠু ভাবে যাতে পালন করা যায় তারই আলোকে শারদীয় দূর্গাপুজা উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

শারদীয় দূর্গাপুজা উপলক্ষে প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম।

এ সময় তিনি বলেন, পূজামন্ডপগুলিতে সব সময় লাইটিংয়ের ব্যবস্থা রাখতে, রাতে মেয়েদের একক ভাবে পূজামন্ডপে আসতে দিবেন না,পূজামন্ডপের আশেপাশে মোটরসাইকেল নিয়ে ঘুরাঘুরি করা যাবে না। প্রত্যেক পূজামন্ডপে সিসি ক্যামেরা লাগাতে হবে। সৃর্য্য অস্ত যাওয়ার আগে প্রতিমা বিসর্জ্জন দিতে হবে।পূজা মন্ডপে কেউ বিশৃঙ্খলা করলে তাকে ছাড় দেওয়া হবে না, কেউ যেন মাদক নিয়ে পূজা

মন্ডপে প্রবেশ না করতে পারে সে জন্য আইন শৃঙ্খলা বাহিনী সব সময় প্রস্তুত থাকবেন।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, প্রশাসনের পক্ষ থেকে সকল ধরনের সর্বাত্মক সহযোগিতা করা হবে, পুজায় আগত দর্শনার্থীদের ভিড় এড়াতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ, পুলিশের টহল জোরদার করা, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করতে অনুরোধ, সহ ইভটিজিং ও নারীদের পর্যাপ্ত নিরাপত্তা প্রদানে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হবে।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলা প্রসাশনের আয়োজনে বিআরডিসি ভবনের হলরুমে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার মাসুম আব্দুল্লা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মৎস্য অফিসার হামিদুর রহমান, উপজেল পরিসংখান তদন্ত কর্মকতা জিল্লুর রহমান, দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফল কবীর, উপজেলা আনসার ভিডিপির প্রশিক্ষক রাফিজা খাতুন, দামুড়হুদা হিন্দু পরিষদের সভাপতি আনান্দ কুমার ঘোষ,সাধারণ সম্পাদক শ্রী সঞ্জয় হালদার,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবীসহ উপজেলার বিভিন্ন এলকার হিন্দু সম্প্রদায়ের ব্যাক্তিবর্গ।

এসি ল্যাণ্ড শুন্য জেলা

মেহেরপুরের তিন উপজেলাতেই এসি ল্যাণ্ড (সহকারি কমিশনার, ভূমি) দীর্র্ঘদিন যাবৎ শুন্য থাকায় খারিজ, নামজারিসহ ভুমি সেবায় ভোগান্তিতে পড়েছেন স্থানীয়রা। এছাড়াও কানুনগো, সার্ভেয়ারসহ অনেক পদে লোকবল শুন্য রয়েছে।

বিভাগীয় কমিশনারের কার্যালয় থেকে এসি ল্যাণ্ডের পদায়ন দেওয়া হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধিনে চলে বিভাগীয় কমিশনার কার্যালয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করছেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন। অথচ মেহেরপুরের এই তিনটি গুরত্বপূর্ণ

অফিসার পদায়ন হচ্ছে না দীর্ঘদিন।

জেলার তিন উপজেলার ২০টি ইউনিয়ন ও দুটি পৌরসভার প্রায় ৬ লাখ মানুষ ভূমি সংক্রান্ত সেবা থেকে এখন অনেকটাই বঞ্চিত। নামজারি জমা খারিজের অভাবে অনেকেরই জমি বিক্রি প্রায় বন্ধ হয়ে আছে।

এসিল্যান্ড অফিসের কয়েকজন জানান, কর্মকর্তা না থানায় খারিজ, নামজারি, জমা খারিজের জন্য আবেদনের ফাইল স্তূপ হয়ে জমে গেছে। এতে ভোগান্তিতে পড়েছেন সাধারণ জনগণ।

সূত্র মতে জানা গেছে, মেহেরপুর সদর উপজেলা সহকারি কমিশনার (ভূমি), মো: আবু সাঈদ বদলি হয়েছেন জুন মাসের শেষ দিকে। সদর উপজেলা ভূমি অফিসের চলতি বছরের ১ জুলাই থেকে এই পদটি শুন্য রয়েছে।

গাংনী উপজেলার এসিল্যান্ড নাজমুল আলম বদলি হয়েছেন আগষ্ট মাসের শেষ দিকে। ১ সেপ্টেম্বর থেকে গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) পদটি ফাঁকা হয়েছে।

এছাড়া, মুজিবনগর উপজেলার তৎকালিন এসিল্যান্ড নাজমুল আলম বদলি হয়েছেন ২০২১ সালের ১ জুলাই মাসে। ঐতিহাসিক মুজিবনগর উপজেলায় ভূমি অফিসে এসিল্যান্ডের পদটি ফাঁকা রয়েছে প্রায় ২ বছর ফাঁকা রয়েছে। সহকারি কমিশনার (এসিল্যাণ্ড) শুণ্য থাকায় এসব অফিসের অতিরিক্ত দায়িত্ব পালন করছেন স্ব স্ব উপজেলা নির্বাহী কর্মকর্তা।

মুজিবনগরের সোনাপুর গ্রামের হোসেন আলী, জয়পুর তারানগর গ্রামের জামিরুল ইসলামসহ কয়েকজন জানালেন, প্রায় ৫ থেকে ৬ মাস আগে নামজারি জমা খারিজের আবেদন করেও এখন পর্যন্ত জমির নামজারি জমা খারিজ করতে পারেননি। কবে নাগাদ জমা খারিজ হবে তাও নিশ্চিত করে বলতে পারছেন না ওই অফিসের কেউ।

গাংনীর সহড়তলা গ্রামের আবু বক্কর জানান, ভূমি অফিসার না থাকায় আমার জমির নামজারি করতে পারছিনা। সেবা নিতে এসে আমার মত অনেকেই এখন বেকায়দায় পড়েছেন।

গাংনী এসি ল্যাণ্ড অফিসের প্রধান সহকারী জালাল উদ্দিন জানান, গাংনী উপজেলায় প্রতি মাসে প্রায় ১১শ থেকে ১২শ আবেদন পড়ে খারিজের জন্য। এই মাসে এসি ল্যাণ্ড স্যার না থাকায় সব খারিজসহ সকল ভুমি সেবা বন্ধ হয়ে পড়েছে।

দীর্ঘদিন থেকে এসিল্যান্ডের পদটি শুন্য থাকায় অনেক ফাইল আটকে আছে। ভূমি অফিসগুলোতে কিছুদিন থেকে ভূমি সংক্রান্ত বহু মামলার নিষ্পত্তি হচ্ছে না। জমির নামজারি জমা খারিজের কয়েক হাজার আবেদন জমে আছে অফিসে।এগুলো সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর না হওয়ায় আবেদনকারীরা ভোগান্তির শিকার হচ্ছেন।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, এসিল্যান্ডের শূন্য পদ পূরণের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। এটা আমার এখতিয়ারভূক্ত নয়। বিভাগীয় কমিশনার বদলি করে থাকেন। এছাড়া জনপ্রশাসন প্রতিমন্ত্রীও বিষয়টি জানেন। তিনি বলেন শুধু এসিল্যান্ড নয়, কানুনগো ও সার্ভেয়ারের পদ শুন্য থাকায় সেবাগ্রহিতাদের কাঙ্খিত সেবা দেওয়া সম্ভব হচ্ছেনা।

তবে এ ব্যাপারে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপির মোবাইলে যোগাযোগ করা চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৮ আসামি গ্রেফতার হয়েছেন।

গ্রেফতারকৃতদের মধ্যে নিয়মিত মামলায় ৪ জন ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ৪ আসামি রয়েছে।

সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ৪ জন ও নিয়মিত মামলায় ১ জন এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (২২ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনীতে মৎস্য অধিদপ্তরের উদ্যোগে মাছের পোনা অবমুক্ত

গাংনী উপজেলার বিভিন্ন জলাভূমি, বর্ষা প্লাবিত ধানক্ষেত ও প্রতিষ্ঠানিক জলাশয়ে পোনা মাছ অবমুক্তি করা হয়েছে।

গাংনী উপজেলা মৎস্য অধিদপ্তরের ২০২২-২৩ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় বরাদ্দকৃত অর্থ থেকে গাংনী উপজেলার ৯ টি জলাশয়ে ৩৫৭ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়।

জলাশয়গুলোর মধ্যে গাংনী উপজেলা পরিষদ পুকুরে ৩৭ কেজি, গাংনী এতিমখানা পুকুরে ৫০ কেজি, ভাটপাড়া ডিসি ইকোপার্ক সংলগ্ন কাজলা নদীতে ৩০ কেজি, নিত্যনন্দপুর নেলুয়ার বিলে ৪০ কেজি, জোড়পুরিয়া মাধ্যমিক বিদ্যালয় পুকুরে ৪০ কেজি, তেঁতুলবাড়িয়া খালে ৩০ কেজি, সানঘাট হাফিজিয়া মাদ্রাসা পুকুরে ৪০ কেজি, দিগলকান্দি গুচ্ছগ্রাম পুকুরে ৫০ তেজি ও গাংনী থানা পরিষদ পুকুরে ৪০ কেজি মাছ অবমুক্ত করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২২ সেপ্টেম্বর) সকালে গাংনী উপজেলা পরিষদ পুকুরে মাছ অবমুক্ত করেন জেলা মৎস্য অফিসার রোকনুজ্জামান।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোসুমী খানমের সভাপতিত্বে এই মাছ অবমুক্ত করণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা মৎস্য অফিসার খন্দকার শহিদুর রহমান ও খামার ব্যবস্থাপক ইকবাল শরিফ গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন, মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন অধিদপ্তরের

কর্তকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়া গাংনী থানা পরিষদ পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক। এসময় উপস্থিত ছিলেন, সেকেন্ড অফিসার আব্দুর রাজ্জাক, উপপরিদর্শক (এসআই) হাফিজুর রহমান, এসআই আতিকুর রহমান।

কোটচাঁদপুরে ম্যানেজিং কমিটির নির্বাচনে জুয়েল প্যানেল জয়ী

উৎসব মুখর পরিবেশে কোটচাঁদপুরের পাঁচলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিদ্যালয়ে এ নির্বাচন হয়। নির্বাচনে মোস্তাফিজুর রহমান জুয়েল প্যানেল জয়ী হয়েছেন।

উপজেলা শিক্ষা কর্মকর্তা ও প্রিজাইটিং অফিসার রতন মিয়া জানান, মোট ভোটার ছিল ৪৭০ জন। এরমধ্যে ভোট পোল হয়েছে ৩৯৮ টি। দুইটি প্যানেলে ১০ জন এ নির্বাচনে অংশগ্রহণ করেন। এরমধ্যে রয়েছে মোস্তাফিজুর রহমান জুয়েল প্যানেলের আব্দুল ওহাব,আমিনুল হক,জাকির হোসেন,লিটন আলী বিউর খাতুন।

আর ইউপি সদস্য আশরাফুল আলমের প্যানেলের আনিচুর রহমান, নজির হোসেন,রেজাউল করিম,শামীম হোসেন,কুসসুম বিবি।

বুধবার সকাল ১০ টার সময় ভোট গ্রহন শুরু হয়। যা চলে বিরতিহীন ভাবে বিকাল ৪ ট পর্যন্ত। নির্বাচনে মোস্তাফিজুর রহমান জুয়েলের পূর্ন প্যানেল জয়ী হয়েছে।

মেহেরপুরে পৃথক দুটি মোটরসাইকেল দূর্ঘটনায় আহত ৩

মেহেরপুরে পৃথক দুটি সড়ক দূর্ঘটনায় এক নারী ও দুই যুবক আহত হয়েছেন। আহতদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহতরা হলেন, সদর উপজেলার আমঝুপি দক্ষিণপাড়া গ্রামের আলম মীরের স্ত্রী তসলিমা খাতুন, আমঝুপি উত্তরপাড়া এলাকার জসিম উদ্দিনের ছেলে সোহাগ ও মেহেরপুর শহরের গোরস্তানপাড়ার আলাউদ্দিনের ছেলে রনক।

স্থানীয়রা জানান, আজ বুধবার (২১ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের গরুর হাট এলাকায় আমঝুপি গ্রামের মোটরসাইকেল আরোহী সোহাগ সাইকেল আরোহী রনককে পিছন থেকে ধাক্কা দেই। এতে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে সোহাগ রাস্তার পাশের গাছের সাথে ধাক্কা মারে এবং রনক রাস্তায় ছিটকে পরলে দুজনই আহত হয়।তাদের উদ্ধার করে হাসপাতালে নেন স্থানীয়রা।

অপরদিকে মঙ্গলবার দিবাগত রাত ৯ টার দিকে সড়কের বারাদি নামক স্থানে রাস্তা পার হওয়ার সময় তাছলিমা খাতুনকে দ্রুতগামি মোটরসাইকেল চাপা দিয়ে পালিয়ে যায়।

স্থানীয়রা মেহেরপুর২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে।

কুষ্টিয়ায় ভেজাল গুড়ের কারখানায় ভোক্তা অধিকারের

অভিযান ও জরিমানা

আখের গুড়ের সাথে চিনি, আটা, হাইড্রোজ, ফিটকারি, সোডা, চুন, ডালডাসহ বিভিন্ন ক্ষতিকর রাসায়নিক উপাদানের সংমিশ্রণ ঘটিয়ে রাতের আঁধারে তৈরি হচ্ছে নকল আখের গুড়।

গুড়ের জন্য প্রসিদ্ধ কুষ্টিয়ার খোকসা উপজেলায় এমনিই দুইটি কারখানায় অভিযান চালিয়েছে জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

বুধবার দুপুরে (২১ সেপ্টেম্বর) গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়ার খোকসায় এ অভিযান চালানো হয়।

অভিযানে নেতৃত্ব দেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়া কার্যালয় সুত্রে জানা যায়, খোকসা উপজেলা সদরের ডাকবাংলো মোড়ে দিলীপ ট্রেডার্স ও কালিবাড়ি রোডস্থ মাতৃ ভান্ডার নামের ভেজাল আখের গুড় তৈরির কারখানায় অভিযান চালানো হয়। নিয়মিত বাজার মনিটরিং এর অংশ হিসাবে ভোক্তাদের প্রতারক,খাদ্যের ভেজাল মিশ্রিত ও জেনে-বুঝে মানুষের জীবননাশে ভেজাল খাদ্যপণ্য বাজারজাতকরণের অপরাধে নিত্যগোপাল এর দোজালিতে অভিযানে দেড় লাখ টাকা ও দীলিপ ট্রেডাস কে ১ লাখ টাকা মোট আড়াই লক্ষ টাকা জরিমানা করা হয়। পাশাপাশি বেশকিছু মালামাল ধংস করা হয়।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, কুষ্টিয়া জেলার খোকসা উপজেলায় খেজুর গুড় তৈরিতে সুনাম রয়েছে। এই গুড় স্থানীয় চাহিদা মিটিয়ে দেশের বিভিন্ন অঞ্চলে পাঠানো হয়। আর এই সুনামকে কাজে লাগিয়ে এক শ্রেণির অসাধু ব্যবসায়ী ভেজাল গুড় তৈরি করে বাজারে সরবরাহ করছে।

তিনি আরও জানান, এই নকল গুড়ে এমন সব রাসায়নিক উপাদান ব্যবহার করা হচ্ছে তা মানবদেহের জন্য মারাত্মাক ক্ষতিকর। এই গুড় খেলে দীর্ঘমেয়াদি বিভিন্ন শারীরিক সমস্যাসহ তৎক্ষণিক প্রতিক্রিয়ায় মৃত্যুও হতে পারে। আর এই নকল গুড় তৈরিতে সংশ্লিষ্ট স্থানীয় প্রভাবশালীদের প্রত্যক্ষ-পরোক্ষ সংশ্লিষ্টতা পাওয়া গেছে। কারখানা গুলো একেবারে বন্ধ করতে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সুপারিশ করা হবে বলেও জানান তিনি।

এসময় কুষ্টিয়া জেলা সেনেটারী ইন্সপেক্টর সুলতানা রেবেকা ইসলাম, নিরাপদ খাদ্য কতৃপক্ষ’র নমুনা সংগ্রহকারী শান্তনা পারভীনসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতির বাৎসরিক সাধারণ সভা

বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার বাৎসরিক সাধারণ সভা অনুষ্টিত হয়েছে। বুধবার স্থানীয় বলুহর হ্যাচারি কমপ্লেক্সে এ সভা করা হয়।

সভাপতিত্ব বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার সভাপতি সোহরাব হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের ওষুধ প্রশাসনের সহকারী পরিচালক নোহান হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের ভোক্তা অধিকার ও সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ জিয়াউল হক, বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতির কেন্দ্রীয় পরিচালক আক্তারুজ্জামান আক্তার, সংগঠনের ঝিনাইদহের সভাপতি রফিকুল ইসলাম সোম,সিনিয়র সহসভাপতি মোস্তাকিবুর রহমান ঝন্টু।

এ ছাড়া উপস্থিত ছিলেন বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার সিনিয়র সহসভাপতি মালিক তবিবুর রহমান,সংগঠনের উপদেষ্টা ও হাসান ফার্মেসির মালিক কাজী হাসানুজ্জামান, জুনিয়র সাংগঠনিক সম্পাদক ইউসুফ আলী মিলন,সিনিয়র সদস্য হুমায়ূন কবির, বোরহান কবির (ইমন)। সভায় প্রধান অতিথি এন্টিবায়োটিক খাওয়া ও বিক্রির উপর গুরুত্ব দিয়ে বলেন, এন্টিবায়োটিক যদি কোন রোগী ডোজ সম্পূর্ণ না করেন,সে ক্ষেত্রে শুধু ও রোগীর শরীরে না,আপনার শরীরেও তা রেজিষ্ট্রেন হয়ে যাবে। তখন সামান্য রোগেও আমরা মারা যেতে পারি।

তিনি বলেন, এ কারনে ঔষুধ বিক্রির সময় এটা আপনাদের খেয়াল রাখতে

হবে। এছাড়া নকল ও ভেজাল ঔষুধ বিক্রির ব্যাপারে তিনি গুরুত্ব আরোপ করেন।

সভায় এ উপজেলার ৪ শতাধিক ওষুধের ফার্মসিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার সহসভাপতি হাসানুজ্জামান(ডাবলু)।